



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

ফোন : ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স : ৮৮০-৫৩১-৬১৩১১, web : www.hstu.ac.bd

স্মারক নং-হাবিপ্রবি/সংস্থা./ নি-১০/২০০৬(অংশ-১)/৬৬৩২

তারিখ: ১৬.০১.২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি


হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত শূণ্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম, গ্রেড, বেতনস্কেল ও পদসংখ্যা	পদের নাম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স
কর্মচারী	ক) কমপক্ষে এস.এস.সি. পাশ হতে হবে। খ) বিভিন্ন প্রকার মোটর যান চালানোর ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সহ হেভী/হালকা ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। গ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১) গাড়ী চালক - গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০)- ৭টি	
২) বাস হেলপার- গ্রেড-১৮ (৮৮০০-২১৩১০)- ৫টি	ক) এস.এস.সি. পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।

শর্তাবলী:

- ১) আত্মহী প্রার্থীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.hstu.ac.bd) হতে নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) পত্রাদির সত্যায়িত কপি সহ মোট ৫ (পাঁচ) সেট ((মূলকপি ১ সেট এবং মূল কপির ফটোকপি ৪ সেট) আবেদনপত্র জমা দিতে হবে।
 - ২) ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে প্রার্থীর বয়স আবেদনপত্রে উল্লেখ করতে হবে। এ তারিখে বয়স সর্বোচ্চ ত্রিশ বছর হতে হবে।
 - ৩) আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম ও সংরক্ষিত কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে। প্রত্যেকটি আবেদনপত্রের সাথে “রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর” বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (রূপালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে) সংযোজন করতে হবে।
 - ৪) আবেদনপত্র আগামী ১৭/০২/২০২৩ খ্রি.তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/ব্যক্তিগতভাবে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে/জমা দিতে হবে।
 - ৫) চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
 - ৬) ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং যে কোন মাধ্যমে বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
 - ৭) সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষিত করা হবে। এই ক্ষেত্রে আবেদনে উল্লেখসহ প্রয়োজনীয় প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারীকৃত স্মারক নং: ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩.১৫২; তারিখ: ১০/০৬/২০১৯ অনুসরণ করা হবে।
 - ৮) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকা চলবে না। এ ক্ষেত্রে মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিক্ষা/শা:১১/১৯-১/২০০৭/১৭৪; তারিখ: ০২/০৩/২০১০ এর প্রচলিত গ্রেডিং পদ্ধতির সংগে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণ করা হবে। তবে এ বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের ক্ষেত্রে একটি তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য।
 - ৯) এ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরতরা অগ্রাধিকার পাবেন এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স শিথিলযোগ্য হবে।
 - ১০) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের (হাবিপ্রবি) সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
 - ১১) কোন ধরণের তদবির/সুপারিশ/ভুল তথ্য প্রদান প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
 - ১২) বিজ্ঞাপিত পদসমূহে ইতোপূর্বে স্মারক নং-হাবিপ্রবি/সংস্থা/নি-৫/২০০৫/৫৮১২, তারিখ: ২৬/০১/২০২০ইং মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- বিঃদ্রঃ লিখিত/মৌখিক পরীক্ষার বিস্তারিত সময় সূচী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ (www.hstu.ac.bd) জানানো হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


১৬/০১/২০২৩
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)